

সিএমস
- ৪২

৮ নয়া শিক্ষা প্রতিষ্ঠানের বেতন-ভাতায় সরকারি অনুদান বরাদ্দ

বেসরকারি ৮টি নতুন শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা), এসএসসি (ভোকেশনাল), এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) এবং মাদ্রাসা (ভোকেশনাল ও ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক-কর্মচারীদের অক্টোবর '০৬ থেকে ফেব্রুয়ারি '০৭ মাসের বেতন-ভাতার সরকারি অংশ বাবদ ৬টি অনুদানের চেক বন্টনকারী জনতা ব্যাংক, অগ্রণী ব্যাংক, রূপালী ব্যাংক, সোনালী ব্যাংক প্রধান কার্যালয়ে হস্তান্তর করা হয়েছে।

আগামী ১০ জুনের মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক থেকে শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত একাউন্ট নাম্বারের মাধ্যমে বেতন-ভাতার সরকারি অংশ উত্তোলন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অনুরোধ করা হয়েছে।

যে সব শিক্ষক-কর্মচারী অক্টোবর '০৬ থেকে ফেব্রুয়ারি '০৭ মাস পর্যন্ত বেতন-ভাতার সরকারি অংশ নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারেননি তারাও ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে ১০ জুনের মধ্যে টাকা উত্তোলন করতে পারবেন। তথ্য বিবরণী।